

৩৮. কেসবপুরে

ডাক্তারের পরামর্শে হাওয়া বদলে

আজ আমি কেশব পুরে।

দু'দিন হলো স্ত্রী চলে গেছে

একমাত্র ছেলে ডাক্তারী পাশ করে দেশে ফিরছে।

বাঁচার ইচ্ছেটা বেড়ে যায়

হিম্মতে পুরের প্রকৃতি

আজ আর স্বস্থি দেয় না;

উপন্যাসটি শেষ করতে পারলে- মরতে যেন বাঁধা নেই।

মনে পড়ে ক'দিন ধরে

শরৎবাবুর দেবদাসকে;

গাড়িয়াল কে খুঁজে দেবদাসের

পার্বতীর বাড়ির উদ্দেশ্যে , তাঁর শেষ যাত্রা।

কবি সুকান্তের মৃত্যু সজ্জায়

কতব্যরত নার্স

বেডের নিচে পেয়েছিল

'হে মহাজীবন' কবিতাটিকে;

কিন্তু আমার এ কবিতাটিকে

তুমি হয়তো পাবে না!

এই কেসব পুরেই

হয়তো ঝরে যাবে

আমার কাব্য মালার

প্রতিটি ফুলের পাপড়ি;

আমার মৃত্যু দিনে তোমার দেয়া

শেষ শীতল অঞ্জলি।